মুজিবনগরে ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুর মুজিবনগরে বাংলাদেশের বহুল প্রচারিত পত্রিকা দৈনিক ভোরের কাগজের ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মুজিবনগর উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর উপজেলার নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেন ভোরের কাগজ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হোসেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, বাগোয়ান ইউপি ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বাগোয়ান ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহীর উদ্দীন, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টু, সাংবাদিক আব্দুস সালাম, সোহাগ মন্ডল, শাকিল রেজা, তুহিন আলী, জাহিদ হোসেন ফিরোজুর রহমান,উজ্বল হোসেন, মওলাদ হোসেন,আব্দুল খালেক সহ মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য।

মেহেরপুরে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুলের ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের নিয়ে অরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী এর সভাপতিত্বে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, চ্যানেল ২৪ এর সাংবাদিক রাশেদুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মুমিন ।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাক্তার মোঃ ইনজামুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন।
সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন আগামী ২০ ফেব্রুয়ারি সারাদেশের ন্যায় মেহেরপুর জেলাতেও ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

মেহেরপুর জেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ৮৫৪১ জন শিশুকে নীল রঙের ক্যাপসুল এবং ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী ৬১ হাজার ৯৭৮ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

তিনি আরো বলেন জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানোর ফলে শিশুদের রাতকানা রোগ এবং ভিটামিনের ঘাটতি পূরণে যথেষ্ট ভূমিকা পালন করে যে কারণে প্রতিবছর দুইবার ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হয়।

মেহেরপুর জেলার প্রায় ৪০ জন সাংবাদিক ওয়ারেন্টেশন সভায় অংশগ্রহণ করে।

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের কমিটি গঠন

“দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব” গঠন হয়েছে। উপজেলার সবধরনের পত্রপত্রিকার নিয়মিত সাংবাদিকদের নিয়ে এই প্রেসক্লাব গঠিত।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের বঙ্গবন্ধু মুরালের পাদদেশে ৪১ সদস্য বিশিষ্ট “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব” গঠিত হয়। সভাপতি নির্বাচিত হয় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয় দৈনিক আমার সংবাদ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি হাবিবুর রহমান হাবিব।

এসময় নবনির্বাচিত “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের” সভাপতি আরিফুল ইসলাম মিলন বলেন, আমাদের এটা “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব”। এখানে সবাই সদস্য হতে পারবেন। কোন প্রেসক্লাবের সদস্য থাকলেও এখানে সদস্য হওয়া যাবে। তাতে পূর্বের কোন সংগঠন থেকে অব্যাহতি নেওয়ার প্রয়োজন নেই। এটা “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব”। দামুড়হুদায় আমাদের একটা উপজেলা শহর আছে। আমরা অত্যন্ত সৌভাগ্যবান। আমাদের কাছে এই উপজেলা খুবই গুরুত্ব বহন করে। আমাদের পাশেই দর্শনা। অনেক বড় সরকারি স্থাপনা থাকা সত্ত্বেও দর্শনা তে কোন উপজেলা নেই। দুইটি থানা নিয়ে গঠিত এই উপজেলা। আমরা কিছু নিয়মিত কলম সৈনিক প্রেসক্লাব করেছি এই উপজেলার সাংবাদিকদের জন্য।

উপজেলার সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠান ও সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্হাপনার এবং সব ধরনের সংবাদ প্রচারের জন্যই মূলত এই প্রেসক্লাব। সব ধরনের সংবাদ প্রচারের জন্য আমাদের তথ্যদিন। আমাদের এই উপজেলায় বিভিন্ন প্রেসক্লাব আছে। কিন্তু কোন উপজেলা প্রেসক্লাব নেই। তাই আমরা এর নাম দিয়েছি “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব”। এখানে সব প্রেস ক্লাবের সদস্যই দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের” সদস্য হতে পারবেন। এই প্রেসক্লাব স্বাধীন। যারা উপজেলায় বিভিন্ন পত্রপত্রিকায় নিয়মিত “কলম সৈনিকের” কাজ করছেন, সাংবাদিকতা করছেন, তারা আমাদের এখানে “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব” পড়িবারের সদস্য হতে পারেন। সাংবাদিকদের অধিকার আদায়ের লক্ষ্যেই এই প্রেসক্লাব গঠিত। আমাদের এখানে উপজেলার

বিভিন্ন অঞ্চলের সাংবাদিকদের নিয়ে এই প্রেসক্লাব গঠন করা হয়েছে। আমাদের এই প্রেসক্লাবের সরকারি রেজিস্ট্রেশন প্রক্রিয়াধীন। যাতে সরকারের নিয়মকানুন অনুযায়ী সব কাজ সংঘটিত হয়।

এসময় উপস্থিত ছিলেন, “দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি বণি ইয়ামিন, সহ-সভাপতি হায়দার আলী,যুগ্ম সম্পাদক শেখ হাতেম, সহ সম্পাদক শিমুল রেজা, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ সাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদ,দপ্তর সম্পাদক রবিউল ইসলাম বাবু, সহদপ্তর সম্পাদক ইমরান হোসেন, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, কোষাধ্যক্ষ আসহাবুল আলম, আইন বিষয়ক সম্পাদক আব্দুর রহমান, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বিল্লাল হোসেন সহ দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য বৃন্দ।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের নতুন ৬ সদস্যের অভিষেক

মেহেরপুর জেলা প্রেসক্লাবের নতুন ৬ জন সদস্যের অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১১ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে জেলা প্রেসক্লাব কার্যালয়ে নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ ও পরিচয় পর্বের মধ্যে দিয়ে অভিষেক অনুষ্ঠান শুরু হয়।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাকের সাংবাদিক মাহবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের সাংবাদিক তোজাম্মেল আযম।

জেলা প্রেসক্লাবের মনোনীত হওয়া ৬জন সদস্যরা হলেন—দৈনিক লাখোকণ্ঠের সাংবাদিক রফিকুল আলম বকুল, দৈনিক আজকালের খবরের সাংবাদিক কামরুল ইসলাম, মাইটিভির সাংবাদিক মাসুদ রানা, ডেল্টা টাইমস ও দৈনিক দি টিচারের সাংবাদিক এস এম তারেক, একাত্তর বাংলার সাংবাদিক ওবায়দুর রহমান ও দৈনিক দেশকালের সাংবাদিক সামরুল ইসলাম।

অনুষ্ঠানে জেলা প্রেসক্লাবের নতুন সদস্যদের উদ্দেশ্য দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন জেলা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও দৈনিক কালের কণ্ঠের সাংবাদিক ইয়াদুল মোমিন, জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক ও বাংলা টিভির সাংবাদিক আক্তারুজ্জামান, কোষাধ্যক্ষ ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুনসহ অনেকেই। এসময় জেলা প্রেসক্লাবের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীর সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশের ৫৭তম জন্মদিন পালন

০২ফেব্রুয়ারি ২০২৩ সিনিয়ার সাংবাদিক মজনুর রহমান আকাশ’এর ৫৭ তম জন্মদিন। এই দিনে মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের কুঞ্জনগর গ্রামের একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহন করেন ।

পিতা মৃত আব্বাছ আলী ও মা মৃত মালেকা বেগমের সন্তান তিনি। বাংলাদেশ বিমান বাহিনীতে চাকুরি শেষে আসেন সাংবাদিকতার এই মহান পেশায়। সমাজের নানা অসংগতি,দুর্নিতি,অনিয়মের বিরুদ্ধে কলম চালিয়েছেন নির্দিধায়। সেত্যের সাথে সন্ধি করে মিথ্যার পরাজয়ে কাজ করেছেন পেশায় ২৮ বছর ।

সাংবাদিকতা পেশায় জড়িত হয়ে স্থানীয় ও বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার সাংবাদিকতা করে চলেছেন বয়সের এ পর্যায়ে এসে। বেসরকারি টেলিভিশনেও প্রতিনিধিত্ব করেছেন। এখনো পেশাগত দায়িত্ব পালনে তারুন্যের ছাপ আছে শরীরে। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক খাস খবর পত্রিকায় বার্তা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন দির্ঘদিন। সেসময় নিষিদ্দ ঘোষিত লাল পতাকা,জনযুদ্ধ,কমিউনিষ্ট,পুর্ববাংলা এমন লোমহর্ষক সন্ত্রাসী বাহিনীদের বিরুদ্ধে জীবনের ঝুকি নিয়ে কলম চালিয়েছেন একের পর এক। লিখেছেন মানব হত্যার নানা গল্প। নিষিদ্ধ বাহিনীদের হাতে খন্ড খন্ড লাশের ছবিিও তুলেছেন। এভাবে জীবনের সব টুকু উজাড় করে দিয়েছেন মানুষের কল্যাণে। নিজের খেয়ে বনের মহিষ তাড়ানোর মত

মফস্বল সাংবাদিকতা পেশায় থেকেও সব টুকু উজাড় করে দেয়ার চেষ্টা করা মানুষটি মজনুর রহমান আকাশ। লিখেছেন ব্যার্থ প্রেমের ছোট গল্প ও নানা ধরনের ছোট বই।

১৯৯৫ সালে কুষ্টিয়া থেকে প্রকাশিত দৈনিক বাংলাদেশের বার্তা পত্রিকায় লেখালেখি শুরু করেন মজনুর রহমান আকাশ। গাংনী প্রেসক্লাবে সহ-সভাপতির দায়িত্ব পালন করেছেন।

জন্মদিন উপলক্ষে বৃহস্পতিবার সন্ধায় গাংনী প্রেসক্লাবের কেক কেটে জন্মদিন উদযাপন করা হয়।

এ সময় গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদে দৌলা রেজা, সাবেক সভাপতি প্রভাষক রমজান আলীসহ প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ ও সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশের সহকর্মীবৃন্দরা উপস্থিত ছিলেন

সাবেক এমপি মকবুলের ভাগ্নে সবুজের বিরুদ্ধে মামলা

মেহেরপুর-২ আসনের সাবেক এমপি মকবুল হোসেনের ভাগ্নে সবুজের বিরুদ্ধে ক্ষতিপূরণ মামলা করেছে মেহেরপুর প্রতিদিন।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন ও প্রকাশক এম এ এস ইমন বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র সহকারী জজ আদালতে এ মামলা দায়ের করেন। যার মামলা নম্বর, মানি স্যুট-০১/২০২৩। গত ৩০ জানুয়ারি সেমাবার শুনানি শেষে আদালতের বিজ্ঞ বিচারক মো: বেলাল হোসেন আসামী সবুজ হোসেনের বিরুদ্ধে সমন জারি করেন। আগামী ০৬ এপ্রিল মামলার পরবর্তি দিন ধার্য করা হয়েছে।

মেহেরপুর প্রতিদিনের আইনজীবী নজরুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। মামলার এজাহারে জানা গেছে, মেহেরপুরের গাংনী পৌরসভার ০৮ নং ওয়ার্ড বাগানপাড়ার বাসিন্দা সবুজ হোসেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেনের ভাগ্নে। তিনি বাদীগণের বিরুদ্ধে

২০২০ সালের ১৩ মে গাংনী থানায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করেন। ওই মামলার এজাহারে তিনি মেহেরপুর-২ আসনের সাবেক এমপি মোঃ মকবুল হোসেনের ভাগ্নে বলে পরিচয় দেন। তিনি এজাহারে দাবি করেন বাদীগণ তাহাদের মেহেরপুর প্রতিদিন প্রিন্ট ও একই নামে প্রচারিত অনলাইন পত্রিকা www.meherpurpratidin.com এ ২০২০ সালের ১ মে তারিখে “গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড, ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি” মর্মে একটি মিথ্যা, ভিত্তিহীণ ও মানহানিকর সংবাদ প্রচার ও প্রকাশ করেন। এবং যাহার ফলে এলাকায় শান্তি-শৃঙ্খলার অবনতি হওয়ার উপক্রম হয়েছে মর্মে অভিযোগ করেন।

উল্লেখিত এজাহারের প্রেক্ষিতে গাংনী থানার তৎকালীন অফিসার ইনচার্জ গাংনী থানার মামলা নং ১২, তারিখ- ১৩/০৫/২০১০ ইং ধারা- ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৫(২), ২৯ (১), ৩১ (২) ও ৩৫(২) মতে নিয়মিত মামলা রুজু করেন। যাহা বিজ্ঞ আমলী আদালতে জি.আর-১৮/২০২০ (গাংনী) মূলে নিবন্ধিত হয়। পরবর্তীতে মামলাটি বিভাগীয় স্পেশাল সাইবার ট্রাইব্যুনাল, খুলনা’তে সাইবার ট্রাইব্যুনাল মামলা নং- ১৮০/২০২১ (খুলনা) মূলে নিবন্ধিত হইয়া বিচারাধীন থাকাবস্থায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক, প্রকাশকসহ ওই মামলার আসামীরা বিজ্ঞ আদালতে বিগত ইং ২৩/০২/২০২২ তারিখে ফৌজদারী কার্যবিধি ২৬৫ (প) ধারামতে বস্তুনিষ্ঠ ও যৌক্তিকভাবে অব্যাহতি (Discharge) এর আবেদন করেন। বিভাগীয় স্পেশাল সাইবার ট্রাইব্যুনাল খুলনার বিজ্ঞ বিচারক তার প্রেক্ষিতে বিগত ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি তারিখে মামলার আসামীগণ (বর্তমান বাদীগণ) কে মামলার দায় হইতে অব্যহতি প্রদান করেন।

মেহেরপুর প্রতিদিনের মামলার এজাহারে আরো জানা গেছে, প্রকৃতপক্ষে, আসামী সবুজ হোসেনের মামা সাবেক এমপি মকবুল হোসেন, জিনারুল হক এর বাড়ীর ভাড়াটিয়া। দীর্ঘ ২৬ বছর যাবৎ মোঃ মকবুল হোসেন নামমাত্র ভাড়ায় থাকাবস্থায় বাড়িওয়ালা বাড়ি সংস্কারের নিমিত্ত্বে জনাব মোঃ মকবুল হোসেন সাহেকে বাড়ি ছাড়িয়া দিতে অনুরোধ করিলেও তিনি তাহার ক্ষমতার প্রভাবে উক্ত বাড়ির দখল ছাড়িতে অস্বীকার করেন। বাড়িওয়ালা জনাব মোঃ জিনারুল হক বর্তমান বিবাদীর মামাকে অনুরোধ উপরোধ করিয়াও ব্যর্থ হইয়া বিভিন্ন স্থানে ও দপ্তরে ধর্না দিয়াও ফলাফল না পাইয়া ১নং বাদীর দপ্তরে আসিয়া বহুল প্রচলিত ও সনামধন্য “দৈনিক মেহেরপুর প্রতিদিন” পত্রিকায় খবর প্রকাশের অনুরোধ করিলে এই ১ নং বাদী তাহার প্রতিনিধির মাধ্যমে যথাযথ তদন্ত সাপেক্ষে বিভিন্ন অডিও ও ভিডিও

রেকর্ডীং সহ ঘটনার সত্যতা পরিলক্ষিত করিয়া সমাজের দর্পন হিসাবে উল্লেখিত সংবাদ প্রকাশ করেন।

সাবেক এমপি মোঃ মকবুল হোসেন মেহেরপুর প্রতিদিনে নিউজ হওয়ারে দেড়মাস পরে ভাড়া বাড়িটি ছাড়িয়া দেন। উক্ত নিউজের সত্যতা প্রমাণিত হওয়ার কারণেই তিনি বাড়ি ছাড়িয়া দিতে বাধ্য হয়েন। কিন্তু বিবাদী সম্পূর্ণ মিথ্যা উক্তি মূলে তাহার রাজনৈতিক প্রতিহিংসাকে চরিতার্থ করিবার মানসে এই বাদীগণের বিরুদ্ধে মামলা দায়ের করিয়া আর্থিক ও সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করিয়াছে এবং বাদীগণের মর্যাদার হানী ঘটাইয়াছে। যাহার ক্ষতির পরিমাণ ৫ লক্ষ টাকা হবে।

প্রসঙ্গত, ২০২০ সালের ১১ মে মেহেরপুর প্রতিদিনে “গাংনীর সাবেক এমপি মকবুলের কান্ড, ২৬ বছর দখলে রেখেছেন পরের বাড়ি” শিরোনামে সংবাদ প্রকাশিত হয় একযোগে প্রিন্ট ও অনলাইন ভার্সনে। যে সংবাদটি অনলাইন থেকে এখন পর্যন্ত সবচেয়ে বেশি পাঠক পড়েছেন।

দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

দামুড়হুদায় নব যোগদানকৃত নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা’র সাথে উপজেলার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে উপজেলা পরিষদের সভা কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সিনিয়র সহ-সভাপতি মোজাম্মেল শিশির, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সাবেক সভাপতি হাবিবুর রহমান হবি, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন,ক্রীড়া সম্পাদক বিল্লাল হোসেন, নির্বাহী সদস্য মিরাজুল ইসলাম মিরাজ, সুজন।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাংবাদিক সমিতির

সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সদস্য এফ এ আলমগীর হোসেন, সহ সম্পাদক কামরুজ্জামান যুদ্ধ, সদস্য আব্দুল হান্নান, সুকুমার চন্দ্র বাধন, হাসমত আলী।কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি আঃ জলিল, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান।

জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ সাংগঠনিক সম্পাদক গোলাম মর্তুজা মিন্টু, প্রচার সম্পাদক জাহাঙ্গীর আলম মানিক, সহ-প্রচার সম্পাদক আনারুল ইসলাম, কোষাধক্ষ্য আরাফাত মল্লিক, দুর্যোগ ও ত্রাণ বিষয়ক সম্পাদক আলমগীর হোসেন, সিম্পোজিয়াম মিটিং পরামর্শ বিষয়ক সম্পাদক সোহাগ হোসেন, নির্বাহী সদস্য ইমরান হোসেন, শেখ হাতেম, হাফিজুর রহমান শমসের, রাজু আহম্মেদ, রবিউল ইসলাম বাবু, মশিউর রহমান প্রমূখ।

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে এমপি খোকনের মতবিনিময়

গাংনী প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

মঙ্গলবার সন্ধায় গাংনী প্রেসক্লাবে এসে তিনি সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন। মেহেরপুরের গাংনীস্থ নির্বাচনী এলাকায় আওায়ামীলীগ সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরেন তিনি। এছাড়াও গাংনীর চলমান উন্নয়ন কাজের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়। আগামীতে গাংনী উপজেলার আরও উন্নয়ন করার লক্ষে বিভিন্ন দিক নির্দেশনা নিয়েও কথোপকথন হয়।

গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম,সহ-

সভাপতি মজনুর রহমান আকাশ,আরটিভি ও খোলা কাগজ প্রতিনিধি মাজেদুল হক মানিক।

এসময় যুগ্ম সাধারণ সম্পাদক জুরাইসইসলাম,দৈনিক ইন্টারন্যাশনাল পত্রিকার প্রতিনিধি জিনারুল ইসলাম,বাংলা টিভি ও মানবকন্ঠ প্রতিনিধি আক্তারুজ্জামান, লাখোকন্ঠ প্রতিনিধি রফিকুল আলম বকুল,খোলা কাগজ প্রতিনিধি ও মেহেরপুর চোখের বার্তা সম্পাদক মীর শামিম, আজকের মেহেরপুর এর প্রতিনিধি শাহিন আহাম্মেদ, দৈনিক স্বাধীন মত পত্রিকার প্রতিনিধি আব্দুল আলীমসহ প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ।

সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সংসদ সদস্যের ব্যাক্তিগত সহকারী সবুজ আহাম্মেদ, পৌর ওয়ার্ড কাউন্সিলর মোতালেব হোসেন, আওায়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার, আবুল বাসার প্রমুখ।

কালের কণ্ঠ’র নগর সম্পাদকের দায়িত্ব পেলেন মেহেরপুরের কৃতি সন্তান কাজী হাফিজ

মেহেরপুরের কৃতি সন্তান কাজী হাফিজ দেশের অন্যতম প্রধান সংবাদপত্র দৈনিক কালের কণ্ঠ’র নগর সম্পাদক পদের দায়িত্ব পেয়েছেন। ২০২৩ সালের ২৩ জানুয়ারি তাঁকে এ দায়িত্ব দেওয়া হয়। গত ২০০৯ সালের আগস্টে তিনি এ সংবাদপত্রে বিশেষ প্রতিনিধি হিসেবে যোগ দেন এবং ২০১৯ সালের আগস্ট থেকে বিশেষ প্রতিনিধির দায়িত্ব পালনের পাশাপাশি প্রধান প্রতিবেদকের দায়িত্ব পালন করে আসছিলেন।
কাজী হাফিজের জন্মস্থান মেহেরপুরের সদর উপজেলার আশরাফপুর গ্রামে। জাতীয় পর্যায়ে ঢাকাভিত্তিক সাংবাদিকতা ১৯৯৬ সাল থেকে।
পেশাগত স্বীকৃতি হিসেবে ২০০২ সালে পেয়েছেন স্বাস্থ্যবিষয়ক প্রতিেেবেদনর জন্য জাতিসংঘ জনসংখ্যা তহবিল পুরস্কার; নারী ও শিশু নির্যাতন বিষয়ে ঢাকা রিপোর্টার্স ইউনিটির জহুর হোসেন স্মৃতি পুরস্কার; দুর্নীতি বিষয়ে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য টিআইবি

পুরস্কার; ২০০৩ সালে লাভ করেন শিশু নির্যাতন বিষয়ে প্রতিবেদনের জন্য পিআইবি-ইউনিসেফ পুরস্কার; জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত জেলার প্রথম সাংবাদিক হিসাবে ২০০৫ সালের ২০শে সেপ্টেম্বর মেহেরপুর পৌরসভা কর্তৃক নাগরিক সংবর্ধনা ও স্বর্ণের পৌরপদক লাভ; ঢাকা রিপোর্টার্স ইউনিটি থেকে আরো পেয়েছেন ২০০৫ এবং ২০০৬ সালে পরপর দুবার মুক্তিযুদ্ধবিষয়ক সেরা প্রতিবেদনের জন্য শহিদজায়া হাসনা হেনা কাদির স্মৃতি পুরস্কার; ২০১৩ সালে নির্বাচন ও গণতন্ত্রবিষয়ক প্রতিবেদনের জন্য পথিক সাহা স্মৃতি পুরস্কার এবং সর্বশেষ ২০১৭ সালে সংসদ ও নির্বাচন কমিশন বিষয়ে সেরা প্রতিবেদনের পুরস্কার।
ভ্রমণ করেছেন পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওন, আইভরি কোস্ট, মধ্য-আফ্রিকার ডিআর কঙ্গো. উগান্ডা, চীন, স্পেন, যুক্তরাজ্য, মিশর, মালয়েশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর, কাতার, হংকং, ভারত ও পাকিস্তান।
সিয়েরা লিওন, আইভরি কোস্ট, মধ্য-আফ্রিকার ডিআর কঙ্গো. উগান্ডা ভ্রমণ নিয়ে তাঁর প্রতাশিত গ্রন্থটির নাম ‘ আফ্রিকার বিপন্ন জনপদে।
জাতীয় প্রেসক্লাব ও ঢাকা রিপোর্টার্স ইউনিটির স্থায়ী সদস্য কাজী হাফিজ যুক্ত রয়েছেন বাংলাদেশ ডিফেন্স জার্নালিস্ট ফোরাম, টেলিকম রিপোর্টার্স নেটওয়ার্ক বাংলাদেশ (টিআরএনবি) এবং রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমক্র্যাসি (আরএফইডি)-এর সঙ্গে। স্ত্রী সালমা নাজনীন বীথি ও একমাত্র পুত্র অনিন্দ্যকে নিয়ে বসবাস ঢাকাতে।

চুয়াডাঙ্গায় এশিয়ান টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দশ পেরিয়ে এগারোতে পদার্পণ সবার সাথে এশিয়ান টেলিভিশন এই স্লোগান কে সামনে রেখে বুধবার (১৮ই জানুয়ারি) চুয়াডাঙ্গায় এশিয়ান টিভির ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

সকাল ১০ টার সময় চুয়াডাঙ্গা পুলিশ পার্কের অডিটোরিয়ামে